

প্রধানমন্ত্রীর সহিত ১০টি ভাসিটির ভিসিদের সাক্ষাৎ

বাসস ৯ দেশের ১০টি বিশ্ববিদ্যালয়ের
ভাইস চ্যান্সেলরগণ গতকাল (সোমবার)
প্রধানমন্ত্রী শেখ হাসিনার সহিত তাঁহার
দপ্তরে সাক্ষাৎ করেন। তাঁহাদের সহিত
আলাপকালে শেখ হাসিনা বলেন, তাঁহার
সরকার ক্যাম্পাসে শিক্ষার অনুকূল পরিবেশ
সৃষ্টিতে দৃঢ়সংকল্প। (২য় পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

সাক্ষাৎ

(১ম পৃঃ পর)

ক্যাম্পাস হইতে সন্ত্রাস নির্মূলে তাঁহার সরকার
গৃহীত বিভিন্ন পদক্ষেপের উল্লেখ করিয়া
প্রধানমন্ত্রী বলেন, জনগণ সন্ত্রাসবিরোধী
পদক্ষেপের সুফল দেখিতে শুরু করিয়াছে।

বার্মিংহাম সিটির লর্ড মেয়র

বার্মিংহাম সিটি কাউন্সিলের লর্ড মেয়র এবং
কাউন্সিলর মিসেস ম্যারিয়ন আরনট-জব
গতকাল (সোমবার) অপরাহ্নে প্রধানমন্ত্রী শেখ
হাসিনার সহিত তাঁহার কার্যালয়ে সৌজন্য
সাক্ষাৎ করেন। মিসেস ম্যারিয়ন ও সদস্যের
একটি প্রতিনিধিদলের নেতা হিসাবে বর্তমানে
বাংলাদেশ সফর করিতেছেন। সাক্ষাৎকারের
সময় তিনি জাতীয় ও আন্তর্জাতিক পরিমন্ডলে
শেখ হাসিনার বক্তব্যের প্রশংসা করেন।